

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
কুড়িগ্রাম  
আইসিটি শাখা  
www.kurigram.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৭.৪৯০০.০২৬.০২.০০৫.১৭.৩৩

তারিখ: ১৭ মাঘ ১৪২৫

৩০ জানুয়ারি ২০১৯

বিষয়: উপজেলা পোর্টালের তথ্য হালনাগাদকরণের নিমিত্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে গত ২৩ জুন ২০১৪ খ্রিঃ তারিখ হতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতায় এটুআই প্রোগ্রামের অধীন ইউনিয়ন পর্যায়ে থেকে শুরু করে মন্ত্রণালয় পর্যন্ত একই ফ্রেমওয়ার্কে নির্মিত 'জাতীয় তথ্য বাতায়ন' আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে। জনগণের দোরগোড়ায় তথ্য পৌঁছে দেওয়ার লক্ষ্যে সকল বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল তৈরি করা হয়েছে।

২। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা গেছে যে, কুড়িগ্রাম জেলার প্রায় সকল উপজেলার ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ না করার ফলে বিভিন্ন তথ্য সংক্রান্ত ট্যাব অসম্পূর্ণ অবস্থায় রয়েছে। ফলে ওয়েব পোর্টালের যথাযথ সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা সম্ভব হচ্ছে না।

৩। এমতাবস্থায়, উপজেলা পর্যায়ের সকল অফিসের ওয়েব পোর্টালে প্রদত্ত তথ্য হালনাগাদকরণের প্রশিক্ষণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সহ উপজেলা পর্যায়ের ১০ (দশ) টি অফিসের ০১ (এক) জন করে কর্মকর্তা/কর্মচারির (যে সকল অফিসের কর্মকর্তা/কর্মচারি ওয়েব পোর্টাল কাজে বেশী পারদর্শী) নামের তালিকা নিম্নবর্ণিত ছকে এবং সংশ্লিষ্ট অফিসের সকল কর্মকর্তা/কর্মচারির সংযুক্ত ছক অনুযায়ী তথ্য আগামী ০৩ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, উপজেলা টেকনিশিয়ানগণ অফিস কার্যক্রমে এন্টিভ থাকলে তাদের নামের তালিকাসহ ১১ (এগার) জন কর্মকর্তা/কর্মচারির তালিকা প্রেরণ করা যেতে পারে।

“ছক”

ক্রমিক নং	নাম ও পদবি	অফিসের নাম ও ঠিকানা	মোবাইল নম্বর	মন্তব্য
-----------	------------	---------------------	--------------	---------

৩০-১-২০১৯

সুদীপ্ত কুমার সিংহ

সহকারী কমিশনার

ফোন: ০৫৮১-৬২৪০২

উপজেলা নির্বাহী অফিসার (সকল),

....., কুড়িগ্রাম

ইমেইল: acictkurigram@yahoo.com

স্মারক নম্বর: ০৫.৪৭.৪৯০০.০২৬.০২.০০৫.১৭.৩৩/১(৫)

তারিখ: ১৭ মাঘ ১৪২৫

৩০ জানুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ পরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
- ২) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
- ৩) সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



৩০-১-২০১৯

সুদীপ্ত কুমার সিংহ  
সহকারী কমিশনার